



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল : ০১৮১৯-৯৩০৪৮৮

(প্রেস বিজ্ঞপ্তি)

তারিখ: ০৭ অক্টোবর ২০২৪খ্রি.

চসিকের উচ্ছেদ অভিযান পরিচালিত ফুটপাথ থেকে শতাধিক দোকান উচ্ছেদ ২০ হাজার টাকা জরিমানা

উগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে এবং চট্টগ্রাম জেলা প্রশাসনের সহযোগিতায় নগরীর পাঁচলাইশ থানা এলাকায় আজ সোমবার উচ্ছেদ অভিযান পরিচালিত হয়। অভিযান পরিচালনা করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট চৈতী সর্ববিদ্যা ও চট্টগ্রাম জেলা প্রশাসকের নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. ইসরাফিল জাহান। অভিযানকালে ষোলশহর বিপ্লব উদ্যান ও চিটাগাং শপিং কমপ্লেক্স সংলগ্ন সড়ক এবং নাসিরাবাদ হাউজিং সোসাইটির ৪নং রোডের উভয় পাশেও ফুটপাথ থেকে শতাধিক ভাসমানা অস্থায়ী দোকান উচ্ছেদ করা হয়। সময় সড়কে নির্মাণ সামগ্রী রেখে ও দোকানের অংশ বর্ধিত করে জনসাধারণের চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে ৩ ব্যক্তির বিরুদ্ধে মামলা রঞ্জু পূর্বক ২০ হাজার টাকা জরিমানা করা হয়।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল: ০১৮১৯-৯৩০৪৮৮